

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো কর্মসূচি  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫


স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৪.২১. ৪৬৫

তারিখ: ২৪ নভেম্বর ২০২৪

বিষয় : ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি (ইরেসপো) ও ২য় পর্যায় প্রকল্পভুক্ত কোটচাঁদপুর উপজেলা, ঝিনাইদহ এ ৫ জন উদ্যোক্তা সদস্যের নিকট ইতোমধ্যে মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণের পরিমাণ ৪৩২৮৭০/- (চার লক্ষ বত্রিশ হাজার আটশ সত্তর) টাকা। উক্ত উদ্যোক্তা ঋণ মেয়াদোত্তীর্ণ খেলাপি হওয়ার বিস্তারিত কারণ পর্যালোচনায় দেখা জানা যায় প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকার অনুচ্ছেদ ৫.১৬ অনুযায়ী উদ্যোক্তা সদস্য নির্বাচন এবং অনুচ্ছেদ ৫.১৭ অনুযায়ী উদ্যোক্তা ঋণ গ্রহণের ক্ষেত্রে সদস্যদের যোগ্যতা যথাযথভাবে অনুসরণ করা হয়নি। উদ্যোক্তা ঋণ বিতরণের পূর্বে সঠিকভাবে সদস্যদের যাচাই-বাছাই না করা, তাদের দৃশ্যমান কোন আইজিএ না থাকা ও ঋণের কিস্তি পরিশোধ করার মত আর্থিক সামর্থ না থাকা সত্ত্বেও সদস্যদের উদ্যোক্তা ঋণ প্রদান করার কারণে মেয়াদোত্তীর্ণ খেলাপি হয়েছে। ঝিনাইদহ জেলার কোটচাঁদপুর উপজেলায় কর্মকালীন আপনি উদ্যোক্তা ঋণের সকল শর্ত প্রতিপালন না করে উদ্যোক্তা ঋণ বিতরণের সুপারিশ করেন। আপনার ব্লকের সুপারিশকৃত ৫ জন সদস্যের মধ্যে বর্তমানে ২ (দুই) জন সদস্যকে এলাকায় পাওয়া যাচ্ছে না মর্মে এআরডিও, কোটচাঁদপুর জানিয়েছেন। আপনার এ ধরনের কার্যকলাপের জন্য প্রকল্পের ঋণ কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম চরমভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে, যা অত্যন্ত হতাশাব্যঞ্জক।

এমতাবস্থায়, উদ্যোক্তা সদস্য নির্বাচনে অনিয়ম ও উদ্যোক্তা সদস্যদের ঋণ গ্রহণের যোগ্যতা যাচাই না করে নিজের খেয়ালখুশি মত ঋণ বিতরণের সুপারিশ করার জন্য দায়িত্ব পালনের গাফেলতি, অযোগ্যতা, অদক্ষতার অভিযোগে অভিযুক্ত করে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ৩০/১১/২০২৪ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রকল্প দপ্তরে প্রেরণ করার জন্য বলা হলো।

  
মোহাম্মদ রাশিদুল আলম  
প্রকল্প পরিচালক  
ফোন : ৪১০১০৩৪১


জনাব মোছা: তানিয়া পারভীন  
মাঠ সংগঠক (ইরেসপো),  
বিআরডিবি, সদর, ঝিনাইদহ। (সাবেক কর্মস্থল কোটচাঁদপুর)

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৪.২১. ৪৬৫

তারিখ: ২৪ নভেম্বর ২০২৪

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি, ঝিনাইদহ (সদয় অবগতির জন্য)।
২. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, সদর/কোটচাঁদপুর, ঝিনাইদহ।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, সদর/কোটচাঁদপুর, ঝিনাইদহ।
৬. অফিস নথি।

  
শরিফুল ইসলাম  
সহকারী পরিচালক